

মোহনপুর উপজেলার বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি আগষ্ট/২০২৩ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি :	(আয়শা সিদ্দিকা) উপজেলা নির্বাহী অফিসার মোহনপুর, রাজশাহী
সভার স্থান:	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ মোহনপুর, রাজশাহী
সভার তারিখ:	১৭/০৮/২০২৩ খ্রি:
সময়:	বেলা :- ১১.৩০ ঘটিকায়
উপস্থিত সদস্যবৃন্দ:	পরিশিষ্ট- ক
অনুপস্থিত সদস্যবৃন্দ:	পরিশিষ্ট- খ

সভার শুরুতেই সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে কারো কোন আপত্তি না থাকায় তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

১। বাল্য বিবাহ প্রতিরোধ

নাম/ঠিকানা	সংখ্যা	প্রতিরোধের তারিখ
-	-	-

২। ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির সভা :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৫টি ইউনিয়ন থেকে বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি এবং ০১টি ইউনিয়ন থেকে পাওয়া গেছে। ইউনিয়ন বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির সভার নিয়মিতভাবে সম্পন্ন করার ব্যাপারে সভাপতি সংশ্লিষ্টদের অনুরোধ করেন।	নিয়মিতভাবে প্রতিমাসেই ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির সংক্রান্ত সভার কার্যবিবরণ যথা সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব উপজেলা বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি। ০২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,(সকল)।

৩। বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত উদ্ধৃদ্ধকরণ সভা :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মিথ্যা মামলা, শিশু শ্রম, বাল্য বিবাহ, যৌতুক প্রদান, নিবন্ধনবিহীন ও নিয়ম বর্হিত্ত বিবাহ, যৌন- হয়রানী প্রতিরোধ সংক্রান্ত সভা নিয়মিত করার জন্য সভাপতি উপস্থিত সকল সদস্যকে বলেন। বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে	১। বাল্য বিবাহ প্রতিরোধে গ্রাম-গঞ্জে উদ্ধৃদ্ধকরণ সভা, উঠান-বৈঠক, অব্যাহত রাখতে হবে। ২। স্কুল, কলেজ ও মাদ্রাসা গুলোতে নিয়মিত প্রচারণার মাধ্যমে সচেতনতা	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি।

<p>মোবাইল কোর্টের মাধ্যমে শান্তির বিষয়টি সকলকে অবগতকরণের জন্য লিফলেট,ফেস্টুন বিতরণ করা প্রয়োজন। তাহলে জনগণ সচেতন হবে।এ ছাড়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,এ মাসে ০২টি উঠান বৈঠক হয়েছে।</p>	<p>বৃদ্ধিমূলক কার্যক্রম জোরদার করতে হবে। ৩। বাল্য বিবাহ প্রতিরোধে ন্যাশনাল হেল্পলাইন নম্বর ১০৯ সম্বলিত লিফলেট বিতরণ ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>২।মাধ্যমিক শিক্ষা অফিসার. মোহনপুর,রাজশাহী। ৩।ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)</p>
---	--	---

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আয়শা সিদ্দিকা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি


মোহনপুর,রাজশাহী।

স্মারক নংঃ ৩২.০১.৮১৫৩.০০০.০৬.২৪৬.১৮-২০২

তারিখঃ ১৭/০৮/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ২। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
- ৩। অফিস কপি।


(বন্দনা সাহা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মোহনপুর,রাজশাহী।